

ঢাবির আইবিএ থেকে সনদ পেলেন ২৪৭ শিক্ষার্থী



সংগৃহীত ছবি

অনলাইন ডেক্স

প্রকাশ: ০৩ মে ২০২৫ | ১৮:১৩

(-) (অ) (+)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনসিটিউটের (আইবিএ) বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীদের হাতে সনদ তুলে দেয়া হয়। শুরুবার রাজধানীর বাংলাদেশ চীনমেট্রী সম্মেলন কেন্দ্রে বিবিএ ২৮তম ব্যাচ, এমবিএ ৬৪তম ব্যাচ, এক্সিকিউটিভ এমবিএ ৩৭তম ব্যাচ এবং ডিবিএ প্রোগ্রামের মোট ২৪৭ জন শিক্ষার্থীদের সনদ দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান।

ব্যবসায় প্রশাসন ইনসিটিউটের (আইবিএ) এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান। তিনি বলেন, ‘এই মুহূর্তে বাংলাদেশ একটি অসাধারণ সম্ভাবনার দ্বারপ্রান্তে দাঁড়িয়ে আছে। বিশ্বব্যাপী পরিবর্তনের এই সময়ে, আমাদের এমন নেতৃত্বের প্রয়োজন যারা একই সঙ্গে দক্ষ এবং সহানুভূতিশীল। যারা শুধু উচ্চাকাঙ্ক্ষী নয়, বরং জবাবদিহির সাহস রাখে। আইবিএ স্নাতক হিসেবে এই মুহূর্তে আপনাদের দায়িত্ব হলো সততার সঙ্গে দেশ ও জাতির প্রতিনিধিত্ব করা এবং একটি উন্নত ভবিষ্যতের জন্য অর্থপূর্ণ অবদান রাখার ক্ষেত্রে সচেষ্ট হওয়া।’

অনুষ্ঠানে বিশেষ অতিথি এবং গ্র্যাজুয়েশন স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের এমেরিটাস অধ্যাপক এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী। সিরাজুল ইসলাম চৌধুরী তার বক্তব্যে বলেন, ‘সমাজের প্রতি আপনাদের যে দায়বদ্ধতা তা আপনারা সঠিকভাবে পালন করবেন এই প্রত্যাশা থাকবে। পরিবর্তনের এই ক্রান্তিলগ্নে, সম্পদের ব্যক্তি মালিকানার পরিবর্তে সামাজিক মালিকানা প্রতিষ্ঠিত হওয়া আবশ্যিক। তাহলে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে, যার ভিত্তি হবে মানুষের সম অধিকার ও স্বাধীনতা।’

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আইবিএ পরিচালক অধ্যাপক শাকিল হুদা। তিনি গ্র্যাজুয়েটদের উদ্দেশ্যে বলেন, ‘প্রকৃত সমৃদ্ধি কখনোই ব্যক্তিকেন্দ্রিক নয়। বরং সমষ্টিগত কল্যাণের মাধ্যমেই প্রকৃত সমৃদ্ধি লাভ করা সম্ভব।’

অনুষ্ঠানে আইবিএর শিক্ষক ছাড়াও গ্রাজুয়েটদের অভিভাবকরা উপস্থিত ছিলেন।